

Class 10..... Bengali

ফুল ফুটুক না ফুটুক... সুভাষ মুখোপাধ্যায়

- 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটির মূল কাব্যগ্রন্থ হল 'ফুল ফুটুক', কবিতাটি রচিত হয় ১৯৫১ সালের পরে। দেশের তৎকালীন অবস্থার জীবন্ত দলিল বলা যায় কবিতাটিকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ(১৯৩৯), মন্ত্রন্তর(১৯৪১), সাম্প্রদায়িক দাঙ্গা, বিশ্বযুদ্ধ পরবর্তী অর্থনৈতিক মন্দা, নগরজীবনের সমস্যা আর রাজনৈতিক আগ্রাসন.... এইসব কিছুর অনবদ্য ছবি রয়েছে কবিতায়।
- 'বসন্ত' ঋতু প্রাণের প্রকাশ ঘটায়। শীতের শুষ্কতা যা গ্রাস করে বসন্ত তাকে ফিরিয়ে আনে। বসন্ত প্রাণের ও যৌবনের প্রতীক। চারিদিক ফুটপাতের কাঠিন্যে ভরা অস্থির সময়, তবু তার মধ্যেই কাঠখোঁড়া গাছের গায়ে বসন্তের আগমন, তার কচি পাতায়। বিরুদ্ধ পরিবেশেই অস্থির রক্ষার লড়াই করছে গাছটি। ব্ল্যাক আউটের সময় ল্যাম্পপোস্টগুলো ঢেকে রাখা হত কালো কাপড়। ঠুলিহীন আলো দেখলেই বোমারু বিমান ছাড়খাড় করে দেবে সব। মৃত্যু উপত্যকায় শুয়ে ছিল মানবসভ্যতা। তার মধ্যে যারা বাঁচে, চলে তাদের অন্য সংগ্রাম। হরবোলা ছেলেটি হারিয়ে গেছে ওই সময়ে। অথচ হলুদ বিকেলে সেই বসন্তের প্রতীক হয়ে উঠছিল। যুদ্ধের আগে এক জীবন ছিল, যুদ্ধের পর বদলে যায় সব। নস্টালজিয়া, রোমান্টিসিজম সব শেষ করে দিয়েছিল যুদ্ধ। একটি কালো কুৎসিত মেয়ে, মনে যে রঙিন স্বপ্ন ছিল, তাও আজ বিবর্ণ। তার জীবনের বসন্ত আজ বিগত, তাই তার ভাবনাকে যখন উসকে দেয় প্রজাপতি, রেগে যায়, সন্ত্রিৎ ফেরে তার। মেয়েটি নিজেকেই কটাফ্র করে। ভাবনা তার পূর্ণতা পাবে না আর। শেষে ফিরে আসে সেই প্রতিস্পর্ধী গাছের কথা। কথা বলে না। তবু যেকোনো দুঃসময় এলেও তার সাথে সুসময়ের ইঙ্গিত দিয়ে যায়। যা কোনো ভাবেই থেমে থাকে না।

★ প্রশ্ন.....

১. 'পাথরে পা ডুবিয়ে এক কাঠখোঁড়া গাছ.....'

- ক) পাথরে পা ডুবিয়ে বলতে কি? খ) কাঠখোঁড়া গাছ কেন বলেছে? গ) কোন সময়ের কবিতা?
ঘ) এই গাছ টি কিসের প্রতীক ও কেন?

২. 'যে দিনগুলো রাস্তা দিয়ে চলে গেছে যেন না ফেরে'.....

ক) কোন দিনগুলো?

খ) কোথায় চলে গেছে?

গ) এই দিনগুলোর মধ্যে কি হারিয়ে গেছে?

ঘ) এই হারিয়ে যাওয়ার কারণ কি?

৩. 'যে হরবোলা ছেলেটি কোকিল ডাকতে যেত.....'

ক) হরবোলা কি?

খ) কোকিল কিসের প্রতীক?

গ) ছেলেটি কোথায় চলে গেল?

ঘ) সে সময়কার ছবিটি ব্যাখ্যা কর।

★ ব্যাকরণ..... বাক্য পরিবর্তন...

.*যদি বারণ কর তবে গাহিব না।(সরল), *সন্কেবেলায় বৃষ্টি এল।(জটিল),

*এ ঘটনা বড় একটা ঘটে না।(হ্যাঁ), *এ কাজটা শেষ করবই।(না), *

অন্যায়কারীকে কখন ক্ষমা কর না।(জটিল)

বাগধারা (অর্থসহ বাক্য রচনা) কই মাছের প্রাণ, টনক নড়া,

সোনার পাথরবাটি, ভস্মে ঘি ঢালা

*****★*****